

India-USA Consultations on UN Security Council Issues

August 03, 2022

ইউএন নিরাপত্তা পরিষদের বিষয় নিয়ে ভারত-ইউএসএ শলাপরামর্শ

অগাস্ট 03,2022

ভারত এবং ইউএসএ ইউএন নিরাপত্তা পরিষদ এবং অন্যান্য বহুপাক্ষিক বিষয় নিয়ে 3 অগাস্ট 2022- এ নিউ দিল্লিতে শলাপরামর্শ করেছে।

2. ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন বিদেশ দফতরের(এমইএ) যুগ্ম সচিব (ইউএন-রাজনৈতিক) শ্রী প্রকাশ গুপ্তা। এই দলে এমইএ -এর আমেরিকান এবং ইউএনইএস বিভাগের আধিকারিকরাও ছিলেন। আমেরিকান প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন রাষ্ট্রদূত মাইকেল জে সিসন। ডিপার্টমেন্ট অফ স্টেটের আর্ন্তজাতিক সংস্থা বিষয়ক সহকারী সচিব এবং নিউ দিল্লি স্থিত দূতাবাসের অন্যান্য আধিকারিকরাও এই দলে ছিলেন।

3.ভারত- ইউএস ব্যাপক বৈশ্বিক কৌশলগত অংশীদারিত্বের দিকে নজর রেখে দুপক্ষ বিভিন্ন বিষয়ে এবং ইউএন নিরাপত্তা পরিষদের অ্যাজেন্ডা অনুসরণ করে নির্দিষ্ট দেশ বিষয়ে গভীরভাবে মতামত বিনিময় করেছে। দুপক্ষ তাদের আগ্রহের বিষয়ে চলতে থাকা সহযোগিতাকে চালিয়ে নিয়ে যাওয়া নিয়ে একমত হয়েছে, যেমনসন্ত্রাসবিরোধী কার্যকলাপ এবং ইউএন-এর শান্তিরক্ষার প্রয়াস। ইউএন সাধারণ পরিষদের আসন্ন 77 তম অধিবেশনে দুপক্ষ তাদের অগ্রাধিকারের বিষয় একে অপরকে জানিয়েছে এবং তা নিয়ে আলোচনা করেছে। ভারতীয় পক্ষ ডিসেম্বর 2022 – এ আসন্ন ইউএনএসসি র প্রেসিডেন্সির ব্যাপারে তাদের অগ্রাধিকারের বিষয়গুলি সম্পর্কে ইউএস প্রতিনিধি দলকে জানিয়েছে।

4.ইউএস প্রতিনিধিদের সেন্টার ফর ইউএন পিসকিপিং (সিইউএনপিকে) -এর উচ্চপদস্থ আধিকারিকরা ইউএন পিসকিপারদের জন্য সিইউএনপিকের দ্বারা পরিচালিত, চলতে থাকা প্রশিক্ষণ প্রোগ্রাম সম্পর্কে অবহিত করেছে। ভারত ও ইউএস যৌথভাবে অন্যান্য যে প্রোগ্রামগুলি সমর্থন করছে সে বিষয়েও প্রতিনিধি দলকে অবহিত করা হয়েছে।

নিউদিল্লি

অগাস্ট 03,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.